

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩ ১৫

আগরতলা, ২৩ সেপ্টেম্বর, ২০২৪

**স্টেট ইনকাম অ্যান্ড রিলেটেড এগ্রিগেটস শীর্ষক কর্মশালা**

**রাজ্যের সার্বিক উন্নয়নে আরও সমৃদ্ধ পরিকল্পনা  
গ্রহণ করে সরকার কাজ করছে : পরিসংখ্যানমন্ত্রী**

ত্রিপুরা রাজ্য প্রাকৃতিক সম্পদে ভরপুর। পরিকাঠামোগত উন্নয়ন ত্বরান্বিত হলে এই রাজ্যের সার্বিক উন্নয়ন ত্বরান্বিত হবে। এই লক্ষ্যে আরও সমৃদ্ধ পরিকল্পনা গ্রহণ করে সরকার কাজ করছে। আজ প্রজ্ঞাতবনের ১নং হলে ৫দিনব্যাপী আঞ্চলিক স্টেট ইনকাম অ্যান্ড রিলেটেড এগ্রিগেটস শীর্ষক কর্মশালার উদ্বোধন করে পরিসংখ্যানমন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে পরিসংখ্যানমন্ত্রী ত্রিপুরা ডাটা এনক্রিপশন স্ট্যান্ডার্ডের ওয়েবপোর্টাল অ্যানালাইটিকেল ড্যাশবোর্ড’র ([www.estats.tripura.gov.in](http://www.estats.tripura.gov.in)) উদ্বোধন করেন। অনুষ্ঠানে পরিসংখ্যানমন্ত্রী বলেন, এই ওয়েবসাইটের মাধ্যমে ত্রিপুরার পরিসংখ্যানগত সমস্ত সংগ্রহ করা তথ্য ও সিদ্ধান্ত অতি সহজেই জানা যাবে। পরিসংখ্যানমন্ত্রী পাঁচদিনের এই আঞ্চলিক কর্মশালায় অংশগ্রহণকারী প্রতিনিধিদের শুভেচ্ছা জানান ও কর্মশালার সাফল্য কামনা করেন। উল্লেখ্য, মিনিস্ট্রি অব স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন এবং রাজ্য সরকারের পরিসংখ্যান দপ্তরের যৌথ উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা ড্যাশবোর্ড অ্যান্ড ইনশিয়োটিভস অব ডিইএস-ত্রিপুরা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রণালয়ের ডিজি এন কে সন্তোষী, অধিকর্তা পূজা রাণী, আন্দামান নিকোবর দ্বীপপুঁজের পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা গৌরাঙ্গ মিশ্র প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা দেবানন্দ রিয়াং। ৫দিনের এই কর্মশালায় ত্রিপুরা ছাড়াও পশ্চিমবঙ্গ, মেঘালয়, সিকিম, মণিপুর, নাগাল্যান্ড, অরুণাচলপ্রদেশ, উত্তরপ্রদেশ, রাজস্থান, দিল্লি, ওড়িশা এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঁজের পরিসংখ্যান দপ্তরের আধিকারিকগণ অংশ নিয়েছেন।

\*\*\*\*\*